হরমুজ পেরিয়ে ভারতে আসছে সারবাহী ৪ জাহাজ, আপাতত স্বস্তি

দিল্লি, ২৩ জুন— ইরান-আমেরিকা শান্তি সমঝোতার পর ধীরে ধীরে স্বাভাবিক হতে শুরু করেছে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্যপথ হরমুজ প্রণালী। কয়েক মাসের সংঘাতের জেরে কার্যত স্তব্ধ হয়ে পড়া এই জলপথ দিয়ে আবারও পণ্যবাহী জাহাজ চলাচল শুরু হয়েছে। তারই অংশ হিসেবে প্রায় ১ লক্ষ ৮০ হাজার টন সার ও কৃষিক্ষেত্রে প্রয়োজনীয় কাঁচামাল নিয়ে ভারতগামী চারটি জাহাজ নিরাপদে হরমুজ প্রণালী অতিক্রম করেছে। তবে পরিস্থিতির উন্নতি হলেও পুরোপুরি স্বস্তিতে নেই সংশ্লিষ্ট মহল। কারণ, স্বাভাবিকতার ইঙ্গিত মিললেও অনিশ্চয়তার মেঘ এখনও পুরোপুরি কাটেনি।

সরকারি সূত্রে জানা গিয়েছে, ভারতে আসা চারটি জাহাজে রয়েছে প্রায় ৯২ হাজার টনের বেশি ইউরিয়া, ৫৫ হাজার টন ডিএপি এবং ৩২ হাজার টনেরও বেশি সালফার। জাহাজগুলি আগামী কয়েক দিনের মধ্যে কৃষ্ণাপত্তনম, কাকিনাদা, পারাদ্বীপ এবং মুন্দ্রা বন্দরে পৌঁছবে। খালাসের পর সেগুলি সরাসরি দেশের সার মজুতের ভাণ্ডারে যুক্ত হবে। এই সার

চলতি খরিফ মরসুমে কৃষকদের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

কিন্তু এই ইতিবাচক খবরের পাশাপাশি উদ্বেগের কারণও রয়েছে। এখনও হরমুজ প্রণালীর ভেতরে ও আশপাশে প্রায় ৩ লক্ষ ৩০ হাজার টন ইউরিয়া এবং আড়াই লক্ষ টনের কাছাকাছি ডিএপি সার আটকে রয়েছে। অর্থাৎ বাণিজ্যিক জাহাজ চলাচল শুরু হলেও সরবরাহ ব্যবস্থা এখনও পুরোপুরি ছন্দে ফেরেনি।

রাসায়নিক ও সার মন্ত্রকের তথ্য বলছে, দেশের সারের মজুত বর্তমানে আগের বছরের তুলনায় অনেক বেশি। আন্তর্জাতিক বাজার থেকেও অতিরিক্ত ইউরিয়া সংগ্রহ করা হয়েছে। ফলে আপাতত খরিফ মরসুমে সারের ঘাটতির আশঙ্কা নেই বলেই মনে করছে সরকার। তবে বিপুল পরিমাণ পণ্য এখনও আটকে রয়েছে। পাশাপাশি পশ্চিম এশিয়ার পরিস্থিতি এখনো অনেকটাই অনিশ্চিত।

তবু বিশেষজ্ঞদের মতে, হরমুজ প্রণালীর পরিস্থিতির উপর এখনও সতর্ক নজর রাখা প্রয়োজন। কারণ যুদ্ধবিরতি কার্যকর হলেও পশ্চিম এশিয়ার ভূ-রাজনৈতিক সমীকরণ এখনও অত্যন্ত স্পর্শকাতর। ইরান স্পষ্ট জানিয়েছে, হরমুজ আর আগের অবস্থায় ফিরবে না এবং এই জলপথে তাদের নজরদারি আরও বাড়বে। একই সঙ্গে ভবিষ্যতের কোনও ভুল বোঝাবুঝি এড়াতে আমেরিকার সঙ্গে একটি বিশেষ হটলাইন চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দীর্ঘ অচলাবস্থার পর হরমুজ ধীরে ধীরে স্বাভাবিকতার পথে চলা শুরু করেছে। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনার জেরে হরমুজ দিয়ে জাহাজ চলাচল বাড়ছে। মেরিনট্র্যাফিকের তথ্যানুযায়ী, গত ২৪ ঘণ্টায় অন্তত ২ ডজন বাণিজ্যিক জাহাজ এই করিডোর দিয়ে যাতায়াত করেছে।

কাতারে ১২ ভারতীয়র মৃত্যুতে শোকপ্রকাশ জয়শঙ্করের

দিল্লি, ২৩ জুন— কাতারের অন্যতম গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল রাস লাফানে ভায়াবহ বিস্ফোরণের ঘটনায় প্রাণ হারালেন ১৩ জন। তাঁদের মধ্যে ১২ জনই ভারতীয় নাগরিক। এই মর্মান্তিক দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। নিহতদের পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছে ভারত সরকার।

মঙ্গলবার এক বার্তায় বিদেশমন্ত্রী জয়শঙ্কর জানান, এই দুর্ঘটনার খবর তাঁকে গভীরভাবে মর্মাহত করেছে। দোহায় অবস্থিত ভারতীয় দূতাবাস কাতার প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেওয়ার কাজ চলছে। নিহতদের মরদেহ দ্রুত ভারতে ফিরিয়ে আনার প্রক্রিয়াও শুরু হয়েছে।

রবিবার গভীর রাতে রাস লাফান শিল্পনগরীর বারজান গ্যাস সরবরাহ কেন্দ্রে বিস্ফোরণের ঘটনা ঘটে। এরপরই আগুন ছড়িয়ে পড়ে। বিশ্বের অন্যতম বৃহৎ তরল প্রাকৃতিক গ্যাস বা

এলএনজি উৎপাদন ও রপ্তানি কেন্দ্র হিসেবে পরিচিত এই শিল্পাঞ্চলে মুহূর্তের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। কাতার সরকারের তথ্য অনুযায়ী, ঘটনায় মোট ১৩ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে ১২ জন ভারতীয় এবং একজন পাকিস্তানি নাগরিক। আহত হয়েছেন আরও ৬৬ জন। তবে স্বস্তির খবর, আহতদের সকলেই আপাতত স্থিতিশীল এবং হাসপাতালে চিকিৎসাধীন।

প্রাথমিক তদন্তে কাতার প্রশাসনের অনুমান, এটি কোনও নাশকতার ঘটনা নয়। ইরানের হামলার জেরে আগে বন্ধ হয়ে যাওয়া প্ল্যান্ট পুনরায় চালু করার সময় প্রযুক্তিগত ত্রুটির কারণেই বিস্ফোরণ ঘটে থাকতে পারে। যদিও ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত শুরু হয়েছে। কাতারের রাষ্ট্রীয় মালিকানাধীন জাতীয় পেট্রলিয়ম ও প্রাকৃতিক গ্যাস সংস্থা কাতার এনার্জি এবং সেই দেশের জ্বালানি মন্ত্রক জানিয়েছে, বিস্ফোরণের ফলে পরিবেশের জন্য ক্ষতিকর কোনও গ্যাস ছড়িয়ে পড়েনি এবং দেশের এলএনজি উৎপাদন বা রপ্তানি কার্যক্রমেও আপাতত কোনও প্রভাব পড়েনি।

লখনউ অগ্নিকাণ্ডে মৃত ১৮, গ্রেপ্তার ভবনের মালিক

লখনউ, ২৩ জুন— উত্তরপ্রদেশের লখনউয়ের আলিগঞ্জ এলাকায় একটি বাণিজ্যিক ভবনে ভয়াবহ আগুনে ১৮ জনের মৃত্যু ঘটেছে। এই ঘটনায় চার জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তদন্তকারীদের দাবি, ভবনটিতে অগ্নি-নিরাপত্তা সংক্রান্ত একাধিক গুরুত্ব গাফিলতি রয়েছে। আলিগঞ্জ থানায় দায়ের হওয়া এফআইআরে ছয় জনের নাম উল্লেখ করা হয়েছে। ওই ভবনের তিন মালিককে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁরা হলেন রামকৃষ্ণ উপাধ্যায়, বীরেন্দ্র প্রসাদ শুক্লা এবং তুষাঙ্ক কৃষ্ণ জয়সওয়াল।

ফর্ম নং ৩
[দেখুন রেগুলেশন-১৩(১)(এ)]
ঋণ পুনরুদ্ধার আদালত কলকাতা
(ডিআরটি ২)
অষ্টম তল, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি জহর লাল নেহরু রোড, কলকাতা- ৭০০০৭১
কেস নং: ওএ/৪২৫/২০২৫
অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) তৎসহ জেবটস রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩-এর রুল ৫-এর সাব-রুল (২এ)-এর নিরিখে সমন।
ইএক্সএইচ নং: ৬৯০৩
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
বনাম
মেসার্স রয়্যাল ট্রেডিং
প্রতি,
(১) মেসার্স রয়্যাল ট্রেডিং, শেখ রমজানের স্বত্বাধিকারী, পীরবাবা টাওয়ার, ফোর্থ ফ্লোর, (ভোডাফোন টাওয়ারের কাছে), ইন্দা, খড়্গপুর পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১৩০৫
(২) শেখ রমজান, শেখ জালিলের পুত্র, মেসার্স রয়্যাল ট্রেডিং- এর স্বত্বাধিকারী, পীরবাবা টাওয়ার, ফোর্থ ফ্লোর, (ভোডাফোন টাওয়ারের কাছে), ইন্দা, খড়্গপুর পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১৩০৫
এছাড়াও: ধরিত্রী, পোস্ট অফিস- বোনাপাউনা, বেনাপুর রেলওয়ে স্টেশনের কাছে, পুলিশ স্টেশন- খড়্গপুর পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১৩০৪
সমন
যেহেতু, ওএ/৪২৫/২০২৫ সম্মানীয় অধিকর্তা আধিকারিক/রেজিস্ট্রারের উপস্থিতিতে ২৫/০২/২০২৬ তারিখে নথিভুক্ত।
যেহেতু, এই সম্মানীয় বিচারসভা জানাচ্ছেন যে উক্ত আবেদনের সাপেক্ষে আপনাদের বিরুদ্ধে বাকি থাকা ৫৪০০৯১৬ টাকা আদায়ের জন্য অ্যাক্টের সেকশন ১৯(৪) (ওএ) অনুযায়ী সমন/ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। (সমস্ত নথি এবং নকল ইত্যাদির সাথে আবেদন সংযুক্ত করা হয়েছে)।
অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) অনুযায়ী আপনি এবং অন্যান্য প্রতিবাদীদের নিম্নলিখিত নির্দেশ দেওয়া হয়েছে:
(১) কেন ঋণের প্রার্থনা অনুমোদন করা উচিত নয় সেই ব্যাপারে সমন পাওয়ার তিরিশ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে;
(২) সম্পত্তির বা বিশদ বিবরণ অথবা সম্পত্তি ছাড়া অন্য সম্পদের এবং আবেদনকারী দ্বারা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা সম্পদের তথ্য প্রকাশ করতে হবে;
(৩) সুরক্ষিত সম্পত্তি এবং এই জাতীয় অন্যান্য সম্পদ এবং সম্পত্তি যা প্রকৃত আবেদনের ক্রমিক নং ৩এ-তে প্রকাশ হয়েছে সেগুলি নিয়ে কোনও রকমের লেনদেন বা নিষ্পত্তি থেকে আপনাদের সংযত থাকতে হবে, যেহেতু এই সংক্রান্ত শুনানি এবং নিষ্পত্তি বাকি আছে;
(৪) আদালতের পূর্বানুমোদন ব্যতীত যে কোনও সম্পদ, সাধারণ ব্যবসায়িক কাজ ছাড়া আপনারা বিক্রয়, লিজ বা অন্যান্য ক্ষেত্রে এমন কোনও সম্পদ হস্তান্তর করতে পারবেন না যার উপর সিকিউরিটি ইন্টারেস্ট তৈরি করা হয়েছে এবং/অথবা অন্যান্য সম্পদ ও সম্পত্তিসমূহ যা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা বা প্রকাশ করা হয়েছে;
(৫) সাধারণ ব্যবসা এবং জমা পড়ার জন্য সুরক্ষিত সম্পদের বা অন্যান্য সম্পদের বিক্রির ক্ষেত্রে আপনি দায়ী থাকবেন, যার হিসাব এবং সিকিউরিটি ইন্টারেস্ট এই সমস্ত সম্পদের সাথে সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা অর্থনৈতিক সংস্থার সাথে যুক্ত।
এছাড়াও আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে আবেদনকারীর কাছে একটি লিখিত বিবৃতি তার নকল-সহ দাখিল করা এবং ১২/০৮/২০২৬ তারিখে সকাল ১০:৩০-এর সময় রেজিস্ট্রারের কাছে উপস্থিত হওয়া। যাতে ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতেই আবেদন শোনানো হবে এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।
এই আদালতের সিল সমেত আমার দ্বারা প্রদত্ত হল ০৭/০৩/২০২৬ তারিখে।
স্বাক্ষর/-
অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার
কলকাতা ডিআরটি-২

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
Bank of Maharashtra
এক পরিবার এক ব্যাঙ্ক
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
জোনাল অফিস কলকাতা
ম্যাকলিয়ড হাউস, ৩, এন এস রোড, ২য় তল, কলকাতা - ৭০০০০১, টেলি : ৯০৮৮১০৭৩৬২
ই-মেল : dzmkolkata@mahabank.co.in
অধিগ্রহণের বিজ্ঞপ্তি

যেহেতু সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে এবং আইনের ধারা ১৩-এর উপধারা (১২) তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল, ২০০২-এর রুল ৮-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র-এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী, আলোচ্য বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ পরিশোধ করতে ঋণগ্রহীতাদের আহ্বান জানিয়ে ডিম্যান্ড নোটিস ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা উল্লিখিত পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, তার প্রেক্ষিতে এতদ্বারা ঋণগ্রহীতাকে এবং জনসাধারণকে বিজ্ঞপ্তি দ্বারা জানানো হচ্ছে যে, নিম্নলিখিত তারিখে উক্ত আইনের ধারা ১৩(৪) তৎসহ পঠিত উক্ত রুলের রুল ৮-এর অধীনে তাঁর ওপর ন্যস্ত ক্ষমতাবলে নিম্নস্বাক্ষরকারী নিম্নে বর্ণিত সম্পত্তিসমূহের অধিগ্রহণ করেছেন।
বিশেষ করে ঋণগ্রহীতাকে/বন্ধকদাতাকে এবং জনসাধারণকে এতদ্বারা নিম্নলিখিত সম্পত্তিসমূহ নিয়ে লেনদেন না করতে সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিসমূহের কোনও লেনদেন করা হলে, নিম্নলিখিত পরিমাণের জন্য ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র-এর চার্জসাপেক্ষ গণ্য করা হবে।

ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতা/ গ্যারান্টার/আইনি উত্তরাধিকারীর নাম ও ঠিকানা	সম্পত্তির বিবরণ	ক) ডিম্যান্ড নোটিসের তারিখ খ) অধিগ্রহণের তারিখ গ) ডিম্যান্ড নোটিস অনুযায়ী দাবির পরিমাণ
১. মি. সোমনাথ ব্যানার্জি (ঋণগ্রহীতা) এবং মিসেস শ্যামলী ব্যানার্জি (সহ-ঋণগ্রহীতা) শাখা : বর্ধমান	জমির সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ যাতে রয়েছে এলআর প্লট নং ৫৮১৮, এল.আর কেএইচ নং ৩১৬৪, জেএল নং ১০৬, ফ্ল্যাট/হাউস নং বিল্ডিং/উইং - ফ্লোর - ০১, আয়তনের পরিমাপ ১৩০৭ বর্গফুট, কুরমুন, থানা বর্ধমান, পূর্ব বর্ধমান, মৌজা কুরমুন, এরিয়া/ভিলেজ কুরমুন, তালুকা/তহসিল/সাব ডিস্ট্রিক্ট - কুরমিন লি, শহর - বর্ধমান, জেলা - পূর্ব বর্ধমান, রাজ্য - পশ্চিমবঙ্গ, ৭১৩১০২ এবং সেখানে স্থিত নির্মাণ, **চারদিকের পরিসীমা : উত্তরে :** রাস্তা; **দক্ষিণে :** মি. কৃষ্ণধন গোস্বামীর সম্পত্তি, **পূর্বে :** অসিত গোস্বামীর সম্পত্তি, **পশ্চিমে :** নাড়ু ঘোষের প্লট।	ক) ২৫.০২.২০২৬ যা প্রকাশের তাং ৩১.০৩.২০২৬ খ) ২২.০৬.২০২৬ গ) বকেয়া পরিমাণ : **৩৭,৪২,৭১৬ টাকা** (সাঁইত্রিশ লাখ বিয়াল্লিশ হাজার সাতশো ষোল টাকা মাত্র) এবং ২৫.০২.২০২৬ তারিখ থেকে কার্যকর প্রযোজ্য হারে অপ্রযোজ্য সুদ ভবিষ্যত ধার্য সুদ, অন্যান্য চার্জসমূহ, যা ৩১.০৩.২০২৬ তারিখে প্রকাশিত হয়েছে
২. মি. মিলন খোরাটি (ঋণগ্রহীতা) ও মি. অরুণ খোরাটি (সহ-ঋণগ্রহীতা) এবং গ্যারান্টারগণ : মি. সৌরভ খোরাটি ও মিসেস সায়নী খোরাটি শাখা : বর্ধমান	আবাসিক (এলআইজি)-এর ইক্যুইটেবল মর্টগেজ সম্পত্তির সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ যাতে রয়েছে প্লট নং/এস. নং/সিটিএস নং/গ্যাট নং/মিলকাট নং এলআর প্লট নং ১৩৭৪, ফ্ল্যাট/হাউস নং বিল্ডিং/উইং - ফ্লোর - ০০, জঙ্গীপুর, রাজারামপুর, থানা - জামালপুর, জঙ্গীপুর রাজারামপুর জোতশ্রীরাম জিপি, এরিয়া/ভিলেজ - জোতশ্রীরাম, আয়তনের পরিমাপ ৮৭১.২ বর্গফুট, তৎসহ একত্রে বিল্ডিং এবং কাঠামো/আবাসিক ব্লক যা নির্মিত হয়েছে/নির্মাণ করা হবে তার পরিমাপ ১৬০৮ বর্গফুট যাতে রয়েছে ৫টি ঘর তৎসহ ফিক্সচারস, তালুকা/তহসিল/সাব ডিস্ট্রিক্ট - থানা - জামালপুর, শহর - জামালপুর, জেলা - পূর্ব বর্ধমান, রাজ্য - পশ্চিমবঙ্গ, ৭১৩৪০৮। **চারদিকের পরিসীমা : উত্তরে :** পুকুর; **দক্ষিণে :** মি. নিশির খোরাটের সম্পত্তি, **পূর্বে :** অভিজিত খোরাটের সম্পত্তি, **পশ্চিমে :** প্যাসেজ।	ক) ২১.০২.২০২৬ খ) ২২.০৬.২০২৬ গ) বকেয়া পরিমাণ : **২০,৭৮,২৫৭.৪৩ টাকা** (কুড়ি লাখ আটাত্তর হাজার দুইশো সাতান্ন টাকা ও তেতাল্লিশ পয়সা মাত্র) এবং ২১.০২.২০২৬ তারিখ থেকে কার্যকর প্রযোজ্য হারে অপ্রযোজ্য সুদ ভবিষ্যত ধার্য সুদ, অন্যান্য চার্জসমূহ
৩. মি. শ্রীকান্ত অধিকারী (ঋণগ্রহীতা) এবং মিসেস ইলা অধিকারী (সহ-ঋণগ্রহীতা) শাখা : বর্ধমান	সম্পত্তির সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশের ইক্যুইটেবল মর্টগেজ যাতে রয়েছে এলআর প্লট নং ৫৪৮৩/৮৪৫৫, ফ্লোর-০১, কুরমুন পশ্চিমপাড়া কুরমুন হাই স্কুলের কাছে, পোঃ কুরমুন থানা বর্ধমান, জেলা পূর্ব বর্ধমান, কুরমুন হাই স্কুলের কাছে, এরিয়া/ভিলেজ - কুরমুন, সাব ডিস্ট্রিক্ট - কুরমুন ১ জিপি, শহর - বর্ধমান, জেলা - পূর্ব বর্ধমান, রাজ্য - পশ্চিমবঙ্গ, ৭১৩১০২। **চারদিকের পরিসীমা : উত্তরে :** ১২ ফুট মোরাম রাস্তা; **দক্ষিণে :** খালি জমি, **পূর্বে :** মালিকের বাসস্থান, **পশ্চিমে :** খালি জমি।	ক) ২৩.০৩.২০২৬ খ) ২২.০৬.২০২৬ গ) বকেয়া পরিমাণ : **১৬,৭২,১০১ টাকা** (ষোল লাখ বাহাত্তর হাজার একশো এক টাকা মাত্র) এবং ডিম্যান্ড নোটিসের তারিখ অর্থাৎ ২৩.০৩.২০২৬ থেকে কার্যকর প্রযোজ্য হারে ভবিষ্যত ধার্য সুদ

তারিখ : ২৩.০৬.২০২৬, স্থান : কলকাতা
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র-এর তরফে, চিফ ম্যানেজার ও অনুমোদিত অফিসার

ইউকো ব্যাঙ্ক
UCO BANK
ইউকো ব্যাঙ্ক
কলকাতা আঞ্চলিক কার্যালয়
৫, এল.এল.আর সরণি, কলকাতা - ৭০০ ০২০, দূরভাষ: ০৩৩-৪৮০৯০৮৭৮/ ৪৮০৯০৮৭৯, ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in
স্থাবর সম্পত্তিগুলি বিক্রয়ের জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

ই-নিলামের তারিখ: ১৮.০৭.২০২৬
ইএমডি ওয়ালেটে ইএমডি (অগ্রিম মূল্য) দেওয়ার শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তির নিলামের ১ দিন আগে

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪ নম্বর) অনুসারে ইউকো ব্যাঙ্কের কাছে বন্ধক থাকা স্থাবর সম্পত্তির বিক্রয়।
যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক সারফায়েসি অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) অনুসারে নীচে উল্লেখ করা স্থাবর সম্পত্তি/গুলির দখল নিয়েছেন, নীচে দেওয়া আমাদের নির্দিষ্ট কিছু শাখার ঋণ অ্যাকাউন্ট থেকে ব্যাঙ্কের বকেয়া আদায়ের জন্য 'যেখানে আছে সেখানে এবং যা কিছু আছে তাই এবং কোনও রকম অবলম্বন ছাড়া' শর্তে নীচের ছকে উল্লিখিত নির্দিষ্ট সম্পত্তিগুলি বিক্রয় করা হবে। এই বিক্রয় নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে হবে, প্ল্যাটফর্মের ওয়েবসাইটটি হল: https://www.baanknet.com।
সম্পত্তিগুলির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষিত মূল্য সারফায়েসি অ্যাক্ট অনুযায়ী ঠিক করা হয়েছে।
নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক ভ্যালুয়েশন রিপোর্ট (১ বছরের আগেকার নয়) অনুসারে, আমাদের চার্জ এবং শাখার সঙ্গে আলোচনা করে সারফায়েসি পদক্ষেপ অনুসারে বিক্রয়ের ব্যাপারে অগ্রসর হওয়া গেছে, ১৮.০৭.২০২৬ তারিখে নিলামে বিক্রয় হওয়ার জন্য সিইসিপি-তে শাখাগুলির বলা অনুসারে সংরক্ষিত মূল্য ঠিক করে হয়েছে।

ক্র. নং	ক) আর্থিক শাখার নাম ও যোগাযোগের ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর	নিম্নলিখিতদের নাম ও ঠিকানা ক) ঋণগ্রহীতা, খ) জামিনদাতা/ স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা	ক) দাবির বিজ্ঞপ্তির তারিখ, খ) দখলের তারিখ, গ) দাবির বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থরাশির পরিমাণ	স্থাবর সম্পত্তির বিস্তারিত বর্ণনা	ক) সংরক্ষিত অর্থ খ) অগ্রিম জমার মূল্য (ইএমডি) গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) ই-নিলামের তারিখ ও সময়	মন্তব্য
১.	অ্যাসেট ম্যানেজমেন্ট শাখা অরুণ কুমার পাত্র ৭৮৯৪৯৪২০২৪	ক. আবেদনকারী:মেসার্স বুশ টি কোম্পানি প্রাইভেট লিমিটেড প্রোমোটার: ১. সঞ্জয় প্রকাশ বনসাল ২. মিসেস রীনা বনসাল জামিনদাতা: ১. সঞ্জয় প্রকাশ বনসাল ২. মিসেস রীনা বনসাল কর্পোরেট জামিনদাতা: ১. সেবক টাওয়ার্স প্রাইভেট লিমিটেড	ক) ০১.০৮.২০২৪ খ) ২৯.১১.২০২৪ গ) ৪০,৩৯,৯০,৮৫৫.৬৫ টাকা	সম্পত্তিটি মেসার্স সেবক টাওয়ার্স প্রাইভেট লিমিটেড-এর নামে রয়েছে, যেটি শিলিগুড়ির সেবক রোডে অবস্থিত মৌজা- ডাবগ্রামের অধীনে, তৌজি নং- ৩, সাব-রেজিস্ট্রি অফিস- জলপাইগুড়ি, খতিয়ান নং- ২০৭৪ (পূর্বতন), নতুন খতিয়ান নং- ১৭৬/৫ ক) সি.এস প্লট নং ৪২১/৩৩১, থানা- ভক্তিনগর (পূর্বতন- রাজগঞ্জ), এস.আর.ও জেলা- জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ, পিনকোড- ৭৩৪০০১-এর অন্তর্ভুক্ত, পরিমাপ কমবেশি ২০.৫ কাঠা। সীমানায় রয়েছে: উত্তরে: অন্যান্যের খালি জমি; দক্ষিণে: বড় নালা এবং তারপরে মিঃ সঞ্জয় প্রকাশ বনসালের জমি ও ফিজিক হেলথ ক্লাব; পূর্বে: প্রতাপ মার্কেট এবং লক্ষ্মী ভবন এবং আনন্দলোক নার্সিং হোম এবং তারপরে সেবক রোড; পশ্চিমে: অঞ্চল রোড।	ক) ৯,৫৩,০০,০০০/- টাকা খ) ৯৫,৩০,০০০/- টাকা গ) ৫,০০,০০০/- টাকা ঘ) ১৮.০৭.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত	বাস্তবিক
২.	পার্ক সার্কাস শাখা কিশোর কুমার প্রধান শাখা প্রধান: ৯০৪১১২৭৯০৩	ক) আবেদনকারী: ১) অঞ্জন কুমার সাঁতরা ২) বর্ণালি সাঁতরা জামিনদাতা: খ) সন্দীপ কুমার সাঁতরা	ক) ০৫.০৭.২০১৬ খ) ১৫.০২.২০১৯ গ) ১৩,১৩,৫৪৩ টাকা	ফ্ল্যাট নং এফ-১, এফ-২, এফ-৩- এর সমস্ত অংশ, পরিমাপ ১৫৩২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া দুটি গাড়ি পার্কিং স্পেস সি-১, সি-২, গ্রাউন্ড ফ্লোরে পরিমাপ ২৫৯ বর্গফুট যা ০৩ তল ভবনের মধ্যে রয়েছে তৌজি নং ৩৪০/৩৪২, জে.এল. নং - ৪৩, আর.এস. নং - ২৫৩, খতিয়ান নং - ২৯৫, সি.এস. দাগ নং- ৩৮১ এবং আর.এস. দাগ নং- ২৩৩, মৌজা- ঢালুয়া, থানা- সোনারপুর, জেলা- ২৪ পরগনা (দক্ষিণ), হোল্ডিং নং ৯৪৩- হিসেবে নথিভুক্ত, মিউনিসিপাল ওয়ার্ড নং ২, রাজপুর-সোনারপুর মিউনিসিপালিটি। ফ্ল্যাটটি শ্রী অঞ্জন কুমার সাঁতরার নামে রয়েছে। সীমানায় রয়েছে: উত্তরে: আর.এস. দাগ নং ২৩৩; দক্ষিণে: ১০ ফুট চওড়া কমন প্যাসেজ; পূর্বে: অন্যান্যের জমি; পশ্চিমে: ১২ ফুট চওড়া কমন প্যাসেজ।	ক) ৩৮,২২,০০০ টাকা খ) ৩,৮২,২০০ টাকা গ) ২০,০০০ টাকা ঘ) ১৮.০৭.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত	বাস্তবিক
৩.	অ্যাসেট ম্যানেজমেন্ট শাখা কলকাতা অরুণ কুমার পাত্র ৭৮৯৪৯৪২০২৪	ক) ঋণগ্রহীতা: দক্ষিণ বুধাখালি ইমপ্রুভমেন্ট সোসাইটি খ) জামিনদাতা: ১) মিঃ প্রশান্ত কুমার পান্ডা ২) মিসেস স্বপ্না দাস	ক) ২০.০১.২০২০ খ) ২১.০৩.২০২০ গ) ৪,২৫,৪৯,৭৯৯.৬৪ টাকা	সম্পূর্ণ গ্রাউন্ড ফ্লোরের সমস্ত অংশের পরিমাপ ১২৫২ বর্গফুট আচ্ছাদিত এরিয়া অফিসের কাজে ব্যবহারের জন্য একই সঙ্গে ভবনের নীচের জমি এবং কমন এরিয়ার অবিভক্ত নিরপেক্ষ ১/৬ ভাগ যার প্রেমিসেস নং- ৪৩বি, সদানন্দ রোড, পুলিশ স্টেশন- কালীঘাট, কলকাতা- ৭০০০২৬, ওয়ার্ড নং ৮৩, কলকাতা মিউনিসিপাল কর্পোরেশন এ.ডি.এস.আর. আলিপুরে রেজিস্ট্রিকৃত সংশ্লিষ্ট দলিল নং আই-৪৭৬৯/২০১১, ভলিউম নং- ২১, পৃষ্ঠা ৫৯৩-৬১০ যেটি শ্রী প্রশান্ত কুমার পান্ডার নামে রয়েছে। সীমানায় রয়েছে: উত্তরে: প্রেমিসেস নং- ৪১বি, সদানন্দ রোড; দক্ষিণে: প্রেমিসেস নং- ৪৭এ ও ৪৭বি, সদানন্দ রোড, কলকাতা- ২৬; পূর্বে: প্লট নং ১৪০ ও ১৪১; পশ্চিমে: প্রেমিসেস নং- ৪৩বি এবং সত্যেন্দ্র নাথ সরকারের নিজস্ব ৬ ফুট চওড়া প্যাসেজ।	ক) ৭৭,৬৪,৩০০ টাকা খ) ৭,৭৭,০০০ টাকা গ) ৫০,০০০ টাকা ঘ) ১৮.০৭.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত	বাস্তবিক
৪.	শকুন্তলা পার্ক শাখা সৌরভ ভট্টাচার্য শাখা প্রধান: ৮৬২০০২৭৩৩৯	ঋণগ্রহীতা: মেসার্স মণ্ডল রাইস এন্টারপ্রাইজ স্বত্বাধিকারী: সন্দীপ মণ্ডল জামিনদাতা: সামিরা খাতুন	ক) ২৫.০৮.২০২৫ খ) ১৫.১১.২০২৫ গ) ৫০,১২,৫৯৫.৫৬ টাকা	বাস্তু জমির সমস্ত অংশের পরিমাণ ০২ কঠা ১০ ছটাক (কম বেশি) একই সঙ্গে সেখানে থাকা দুই তলা আবাসিক ভবন কাঠামো পরিমাপ প্রায় ২১৭৪ বর্গফুট (যার গ্রাউন্ড ফ্লোরের পরিমাপ ১২৮০ বর্গফুট এবং দ্বিতীয় তলের পরিমাপ ৮৯৪ বর্গফুট কম বেশি) মৌজা- নারিদানায় অবস্থিত, জে.এল. নং ২৭, সি.এস. দাগ নং ১৯৮৯ (পি), আর.এস. দাগ নং ২০০০ (পি), সি.এস. খতিয়ান নং ১১৬২, এল.আর. খতিয়ান নং. ২২০৯ সাউথ গড়িয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে, গ্রাম- নারিদানা, পোস্ট- নারিদানা, থানা- বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা, পিন- ৭৪৩৩৩০, জেলা সাব-রেজিস্ট্রার ৪, দক্ষিণ ২৪ পরগনা। সম্পত্তিটি শ্রী সন্দীপ মণ্ডলের নামে রয়েছে, পিতা- শ্রী রমাপদ মণ্ডল। দলিল নং. ০৩৮